স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে পৌষ বুধবার ১৩৬৯ ইংরাজী 9th Jan. 1963 { ৩৩শ সংখ্যা





সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seave



**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

চক্রের বাহুল্য ও নিপুণতা আবাবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে পৌষ বুধবার সন ১৩৬৯ সাল।

## অভিসম্পাত

—•—

যদি কোনও প্রবল ব্যক্তি কোনও দুর্ব্বল ব্যক্তিকে মনস্তাপ দিয়া থাকে, দুর্ব্বল প্রবলের কিছু করিতে না পারিয়া হা-নিঃশ্বাস ফেলিয়া ভগবানের নিকট তাহার প্রতিকার প্রার্থনা করিয়া সন্তাপকের অমঙ্গল প্রার্থনা করে—এই প্রার্থনা বাক্যের নাম অভিসম্পাত। সাধু মহৎ ব্যক্তিরা সেইজন্য দুর্ব্বলকে সন্তাপ দেওয়া মহাপাপ বলিয়া উল্লেখ করিয়াছেন। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায় কর্ত্তৃক সমানভাবে সম্মানিত সাধক কবীর তাঁহার উপদেশামৃত দৃষ্টান্ত সহ প্রচার করিয়াছেন—

**দুর্ব্বলকো ন সন্তাইয়ে**
**তাকো মোটি হায়।**
**মুয়ে চামকা ফুঁক্‌সে**
**লোহে ভসম্‌ হো যায়।**

অর্থ :— দুর্ব্বলকে কখনও সন্তাপ দিবে না, তাদের হা-নিঃশ্বাস অত্যন্ত মোটা অর্থাৎ প্রবল। দৃষ্টান্ত দিয়া বলিতেছেন—কর্ম্মকার বা স্বর্ণকারের কর্ম্ম-শালায় দেখা যায় মড়া চামড়ার নিঃশ্বাসে লোহার মত কঠিন পদার্থও ভস্ম হইয়া যায়।

আজিকার কথা নয়, ত্রেতা যুগের কথা ভগবানের অবতার আদর্শ নৃপতি এক দুর্ব্বলা নারীর অভি-সম্পাত সহিতে পারেন নাই।

রাবণের কবল হইতে সীতাকে উদ্ধারের জন্য জটাবল্কলধারী রামচন্দ্র কপিরাজ বালীর কনিষ্ঠ সুগ্রীবের সহিত মিত্রতাসূত্রে আবদ্ধ হইয়াছিলেন। সুগ্রীবের অনুরোধে রাম তাঁহার ( সুগ্রীবের ) জ্যেষ্ঠ বালীর সহিত যুদ্ধ করিয়া চোরাবাণে তাঁহাকে বধ করেন। কপিরাজ বালীর পত্নী তারা স্বামীর নিহন্তা রামচন্দ্রকে যে অভিসম্পাত দিয়াছিলেন, স্বয়ং বিষ্ণুর অবতার রামচন্দ্রকে সে অভিসম্পাত ভোগ করিতে হইয়াছিল। রামচন্দ্র এই ধর্ম্মবিরুদ্ধ কর্ম্ম করিয়া যে নিন্দিত হইয়াছিলেন, যাত্রাভিনেতারা তাঁহাকে রেহাই দেন নাই। বালীর পত্নী তারার উক্তি গানটি এখনও ভিকারী গায়কগণ গৃহস্থের দ্বারে দ্বারে গাহিয়া মুষ্টি-ভিক্ষা সংগ্রহ করে।

**পতিতপাবন তুমি নারায়ণ,**
**লোকে বলে তোমায় করুণানিদান।**
**তবে কেন হায় লুণ্ঠিত ধরায়,**
**স্বর্ণ-শিখীচূড় ভূতলে পতন!**
**কি দোষ পাইয়ে পতিরে আমার,**
**অন্যায় সমরে করিলে সংহার?**
**দয়াময়! তব এ কি অবিচার!**
**কাঁদায়ে বধিলে অবলার প্রাণ।**
**যে অনলে তুমি দহিলে আমায়,**
**সে অনলে প্রভু দহিবে নিশ্চয়,**
**জানকী পাইবে পুনঃ হারাইবে**
**কেঁদে কেঁদে হবে দিবা অবসান।**

রামায়ণেই বর্ণিত আছে রামচন্দ্র এই সদ্য-বিধবা বালী-পত্নী তারার অভিশাপে নিষ্কৃতি পান নাই। তাঁহার জানকী উদ্ধারের পর লোকনিন্দার ভয়ে ও প্রজারঞ্জনের জন্য নিরপরাধিনী গর্ভবতী সীতাকে নির্ব্বাসিতা করিতে হইয়াছিল।

সর্ব্বভারতীয় কংগ্রেস ইংরাজ কবলিত ভারত-বর্ষের স্বাধীনতা লক্ষ্মীকে উদ্ধার করিয়াছেন বলিয়া আত্মপ্রসাদ লাভ করেন।

ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরু অনেক দিন ধরিয়া ভারতের প্রধান মন্ত্রী ও কংগ্রেস সভাপতির পদে অধিষ্ঠিত ছিলেন। অনেকে তাহাতে প্রকাশ্যে কোন মন্তব্য করিতে সাহস না পাইলেও পরস্পর এক ব্যক্তির দুই ক্ষমতা অধিকার লক্ষ্য করিয়া বলিতে শোনা গিয়াছিল পণ্ডিতজী

রামরূপে ধনুক ধরেন কৃষ্ণরূপে বাঁশী

আবার কেউ কেউ রসিকতা করিয়া বলিতে ইতস্ততঃ করিত না—আবার শ্রীচৈতন্যরূপে ডোর কৌপীন পরিয়া প্রভু আমার নবীন সন্ন্যাসী না হন।

কংগ্রেসী দলের আদর্শহীনতা ও অন্যায় চাল-চলন দেখিয়া ভারতের প্রধান মন্ত্রিত্ব পদে অবসর গ্রহণের কল্পনা করিয়াছিলেন। কংগ্রেসী শুধু নয় সরকারী পদে অধিষ্ঠিত ব্যক্তিগণের দুর্নীতিও অন্যতম কারণ বলিয়া মনে হয়। বাতাসে যেমন সুগন্ধ বহিয়া চতুর্দ্দিক মোহিত করে, সেই বাতাসই আবার দুর্গন্ধও বহন করিয়া লোকজনের নিঃশ্বাস গ্রহণও অসহ্য করিয়া ফেলে।

যাহা হউক কংগ্রেস-সেবী ছোট বড় সকলের অনুরোধে অবসর লওয়া স্থগিত রাখিয়াছেন। সম্প্রতি নয়াদিল্লীতে কখন খোলাখুলিভাবে কখনও রুদ্ধদ্বারে এই ভাষণের দেশে অনেকে ভাষণ দিয়া সদুপদেশ দিয়া চলিয়াছেন।

কি করা উচিত ও কি করা উচিত নয় তাহার ভার কংগ্রেস কর্ম্মীদের উপরই পণ্ডিত নেহরু এবং কংগ্রেস সভাপতি শ্রী ইউ, এন, ঢেবর দিতে কসুর করেন নাই। অন্যান্য কংগ্রেসীরাও সদুপদেশ বর্ষণ করিয়াছেন ও করিতেছেন এবং করিয়া চলিবেন। সবাই যদি উপদেষ্টা হন তবে ইহাদের মধ্যে দোষী কাহারা!

আমরা বলি প্রদেশে প্রদেশে স্বয়ং কংগ্রেস সভাপতি নিজে গিয়া হাতে কলমে পাজি ও দোষী-দের ধরিয়া ধরিয়া লাঞ্ছনা করিতে সুরু করুন।

---

## ফরাক্কায় বাঁধনির্ম্মাণ

নয়া দিল্লীতে সম্প্রতি বাঁধনিয়ন্ত্রণ বোর্ডের বৈঠকে ফরাক্কার উভয়তীরে দুইটী বন্দর নির্ম্মাণের পরিকল্পনা সম্পর্কে আলোচনা হইয়াছে বলিয়া জানা গিয়াছে। ইহার বাস্তব রূপদানের নিমিত্ত রাজ্য-শিল্প-দপ্তরের সহিত তাঁহারা আলোচনাও করিতেছেন বলিয়া প্রকাশ। ভাগীরথীর উপর নির্ম্মীয়মান সেতুটির নির্ম্মাণ কার্য্য সমাপ্ত করিবার জন্য দিবারাত্রি কাজ হইতেছে। কেন্দ্রীয় সরকার ও ফরাক্কা বাঁধ-নিয়ন্ত্রণ-বোর্ড ১৯৬৯ সালের মধ্যে ফরাক্কা বাঁধের নির্ম্মাণকার্য্য সমাপ্ত করিবার জন্য সর্ব্বপ্রযত্নে তৎপর হইয়াছেন। এই নিমিত্ত প্রজেক্টের চীফ ইঞ্জিনিয়ার ও অর্থনৈতিক উপদেষ্টার কার্য্যালয় অতি শীঘ্রই ফরাক্কায় স্থানান্তরিত হইতেছে বলিয়া জানা গিয়াছে।

---

## জাতীয় প্রতিরক্ষা তহবিলে
## মুক্তহস্তে দান করুন


## কলিকাতা পুলিশ বাহিনীর জন্য লোকসংগ্রহ

কলিকাতা পুলিশ বাহিনীতে কনষ্টেবল হিসাবে নিয়োগের উদ্দেশ্যে ১৯৬৩ সালের ২৭শে জানুয়ারী সকাল ৯টার সময় মুর্শিদাবাদ জেলার বহরমপুর পুলিশ লাইনে বাঙ্গালী প্রার্থীদের নির্বাচন করা হইবে। প্রার্থীদের ন্যূনতম যোগ্যতা : ১। উচ্চতা ৫ ফু: ৬ ই:, ২। বক্ষ ৩১ ই:, ৩। ওজন ১২০ পা:, ৪। ইংরাজী ভাষা লিখিবার ও পড়িবার সামর্থ্য এবং বাংলা ভাষায় উত্তম জ্ঞান, ৫। বয়স ১৮ হইতে ২৫ বৎসর, ৬। কোনরূপ বিকৃতিহীন উত্তম স্বাস্থ্য এবং ৭। প্রার্থীদের অবিবাহিত হইতে হইবে। কলিকাতার পুলিশ হাসপাতালের চিকিৎসা আধিকারিককে দিয়া নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করাইতে হইবে এবং অতঃপর তাঁহাদের চরিত্র এবং প্রাক্‌পরিচয়ের যাথার্থ্য যাচাই করিয়া দেখা হইবে। স্বাস্থ্য পরীক্ষা এবং চরিত্র ও প্রাক্‌-পরিচয়ের যাথার্থ্য যাচাই করিয়া দেখার পর যাঁহাদিগকে উপযুক্ত বলিয়া ঘোষণা করা হইবে তাঁহাদিগকে ৮০-২-১১২ টাকার বেতনক্রমে কনষ্টেবল হিসাবে নিয়োগ করা হইবে। নিয়োগ-এর পর তাঁহাদিগকে কুচকাওয়াজ, শারীর শিক্ষণ, আইন, ইত্যাদি বিষয়ে ছয়মাসকাল ব্যারাকপুর পুলিশ ট্রেণিং কলেজে শিক্ষণ গ্রহণ করিতে হইবে। কন্‌ষ্টেবলদের বিনাভাড়ায় : ব্যারাকে একক বাসস্থান, বিনামূল্যে পোষাক, বিনা ব্যয়ে কলিকাতা পুলিশ হাসপাতালে চিকিৎসার সুযোগ ও পথ্য দেওয়া হইবে। সুযোগ্য কন্‌ষ্টেবলদের জন্য হেড-কন্‌ষ্টেবল, জমাদার, এসি: সাব-ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, ইন্সপেক্টর ইত্যাদি উচ্চতর পদে বিভাগীয় উন্নতির সম্ভাবনা আছে। —প্রেসনোট

---

প্রশ্নের মধ্যেই উত্তর আছে—এমন

## প্রশ্নোনপঞ্চাশৎ

( শ্রীশরৎচন্দ্র পণ্ডিত—দা'ঠাকুর )

—•—

* অধিকাংশ বেতারে বলা হইয়াছিল। ইহার মধ্যে বেশীর ভাগ প্রশ্নই উত্তরের সঙ্গে বর্ণে বর্ণে মিল আছে। কতকগুলিতে বর্ণগত পার্থক্য থাকিলেও উচ্চারণগত সাদৃশ্য আছে।

১। সংসারটা কার বশ?
—সংসার টাকার বশ।

২। এটি কোন্ নগর?
—এটি কোন্নগর।

৩। এটা কি গ্রাম?
—এ টাকি গ্রাম।

৪। রাম-রাবণের যুদ্ধের কারণ জান কি?
— রাম-রাবণের যুদ্ধের কারণ জানকী।

৫। কে সব দেবতার মধ্যে পালন-কর্ত্তা?
— কেশব দেবতার মধ্যে পালন-কর্ত্তা।

৬। এ ক'জনের খোরাক?
—এক জনের খোরাক।

৭। সে নাকি সুরে কথা কয়?
—সে নাকী সুরে কথা কয়।

৮। কটা কার প্রলোভনে এ কাজ করলে?
—ক' টাকার প্রলোভনে এ কাজ করলে।

৯। এ কী মা?
—এ কিমা? ( মাংসের )

১০। মাসী কি দিয়েছে?
—মা সিকি দিয়েছে।

১১। রাজবাড়ীতে খোঁড়া কি পেয়েছে?
—রাজবাড়ীতে খোরাকী পেয়েছে।

১২। চা'র পয়সা?
—চার পয়সা।

১৩। বড় চালা কি ক'রে নিয়ে গেল?
—বড় চালাকি ক'রে নিয়ে গেল।

১৪। অরুচি হ'লে নিম কি রুচিকর?
– অরুচি হ'লে নিমকি রুচিকর।

১৫। হাবিলদার মহম্মদ খাঁ কি রঙের পোষাক পরেন?
—হাবিলদার মহম্মদ খাঁকি রঙের পোষাক পরেন।

১৬। মহেন্দ্র পাল কি চ'ড়ে বিয়ে ক'রতে গিয়েছিল?
—মহেন্দ্র পালকি চ'ড়ে বিয়ে ক'রতে গিয়েছিল।

১৭। কোন আরকে স্বাস্থ্য ফিরে পেয়েছে?
—কোনারকে স্বাস্থ্য ফিরে পেয়েছে।

১৮। এই শিল্পকর্ম্ম কার কৃত?
—এই শিল্প কর্ম্মকার কৃত।

১৯। সে পা পিছলে পড়েছে?
—সে পাপী ছলে পড়েছে।

২০। সে পাহারা হ'য়ে আর নড়্‌তে পারে না?
—সে পা-হারা হ'য়ে আর নড়্‌তে পারে না।

২১। এ কুম্ভ কার নির্ম্মিত?
—এ কুম্ভকার নির্ম্মিত।

২২। সে অন্ধ কার বাড়ীতে থাকে?
—সে অন্ধকার বাড়ীতে থাকে।

২৩। এত ফুল কার সাজি ক'রে নিয়ে গেল?
—এত ফুল কারসাজি ক'রে নিয়ে গেল।

২৪। সে কার থানায় দিন গুজরাণ করে?
—সে কারখানায় দিন গুজরাণ করে।

২৫। সে কার পণ্য দ্বারা পয়সা জমিয়েছে?
—সে কার্পণ্য দ্বারা পয়সা জমিয়েছে।

—[ পর সপ্তাহে

---


### শিক্ষক আবশ্যক

পাউলী জুনিয়ার হাই স্কুলের জন্য একজন B. Sc. পাশ শিক্ষক আবশ্যক। বেতন গভর্ণমেণ্ট স্কীম অনুযায়ী।

সেক্রেটারী, পাউলী জুনিয়ার হাই স্কুল।
পোঃ খেরুর, মুর্শিদাবাদ।

---

হারাইয়াছে—দক্ষিণপাড়া ও মির্জাপুরের মধ্যে একখানি ডাইরী ও গায়ের আলোয়ান হারাইয়াছে উহা ফেরত দিলে পুরস্কৃত করিব।

শ্রীউপেন্দ্রনাথ দাস, মোক্তার, রঘুনাথগঞ্জ।





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর্‍যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ভি, ভি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## চ্যবনপ্রাশ

নিয়মিত সেবনে শ্বাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়।

প্রাপ্তিস্থান—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।